



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।



স্মারক নং: বশেমুরবিপ্রবি/র/জপ্র/২০২০/৩১(৩)/১১১৪

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৭
১৭ নভেম্বর ২০২০

শোক বার্তা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ভ্রাতা শহীদ শেখ আবু নাসের এর সহধর্মিনী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার চাচী মহীয়সী নারী শেখ রাজিয়া নাসের (৮৬) ঢাকা এ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গত ১৬ নভেম্বর ২০২০ তারিখ রাত ০৮.৫০ মিনিটে বার্ষিক্যজনিত কারণে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। বঙ্গবন্ধু পরিবারের বয়োজ্যেষ্ঠ গুরুজনের মৃত্যুতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ-এর মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ. কিউ. এম. মাহবুব গভীর শোক প্রকাশ করছেন। তাঁর মৃত্যুতে বিশ্ববিদ্যালয় পরিবার শোকাহত। আমরা মরহুমার আত্মার মাগফেরাত কামনা করছি এবং শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি। মহান আল্লাহ যেন শোকাহত পরিবারের সদস্যবৃন্দকে এই শোক কাটিয়ে ওঠার তৌফিক দান করেন।

মহান রব্বুল আলামিন যেন বিদেহী আত্মার মাগফেরাত দান করেন এবং তাঁকে জান্নাতবাসী করেন এই প্রার্থনা করছি।

মাননীয় ভাইস-চ্যান্সেলরের অনুমোদনক্রমে,

স্বাঃ/-

(প্রফেসর ড. মোঃ নূরউদ্দিন আহমেদ)


রেজিস্ট্রার

স্মারক নং: বশেমুরবিপ্রবি/র/জপ্র/২০২০/৩১(৩)/১১১৪(৫০)

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৭
১৭ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। অনুসদ/বিভাগ/হল/দপ্তর প্রধান, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ২। প্রোগ্রামার, আইসিটি সেল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৩। পিএস টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (মাননীয় ভাইস-চ্যান্সেলরের জ্ঞাতার্থে)।
- ৪। সকল নোটিশ বোর্ড।
- ৫। অফিস নথি।


(প্রফেসর ড. মোঃ নূরউদ্দিন আহমেদ)
রেজিস্ট্রার